

জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hsd.gov.bd


স্মারক নং- স্বাপকম/স্বাসেবি/প্রশা-১/এডি/২সি-৭/২০০৬ (অংশ-২)-১৭৬৩

তারিখঃ ২৮ নভেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ
১৩ অগ্রহায়ণ ১৪২৬ বঙ্গাব্দ

বিষয়ঃ স্বাস্থ্য অধিদপ্তরাধীন বিভিন্ন প্রতিষ্ঠান/হাসপাতালে জরুরি ভিত্তিতে জনবল নিয়োগ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, 'বাংলাদেশ স্বাস্থ্য বিভাগীয় নন-মেডিকেল কর্মচারি নিয়োগ বিধিমালা, ২০১৮' প্রণয়নের পর হতে অর্থাৎ মার্চ/২০১৮ হতে এ পর্যন্ত স্বাস্থ্য অধিদপ্তরাধীন বিভিন্ন প্রতিষ্ঠান/হাসপাতালে ৩য় শ্রেণির (১১-১৭ গ্রেড) মোট ৫০৬৪ টি পদে সরাসরি জনবল নিয়োগের ছাড়পত্র প্রদান করা হয়। কিন্তু কয়েকটি মেডিকেল কলেজ হাসপাতাল ব্যতীত অন্য কোন প্রতিষ্ঠান/হাসপাতালে অদ্যাবধি জনবল নিয়োগ করা হয়নি। এতে স্বাস্থ্য সেবা বিঘ্নিত হচ্ছে। ইতোমধ্যে স্বাস্থ্য অধিদপ্তরাধীন ৬৫টি প্রতিষ্ঠান/সিভিল সার্জন কার্যালয়ের মোট ২৫৩৭টি পদে জনবল নিয়োগের বিজ্ঞপ্তি জারি করা হলেও আবেদনকারীদের নিকট হতে প্রাপ্ত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়েছে কিনা সে সংক্রান্ত তথ্য প্রদান করা হয়নি।

২। এমতাবস্থায়, স্বাস্থ্য অধিদপ্তরাধীন বিভিন্ন প্রতিষ্ঠান/সিভিল সার্জন কার্যালয়ে জনবল নিয়োগের লক্ষ্যে যে সকল পদে জনবল নিয়োগের বিজ্ঞপ্তি জারি করা হয়েছে সে সকল পদের বিপরীতে প্রাপ্ত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়েছে কিনা, সে সংক্রান্ত তথ্য এবং জমা প্রদান করা না হলে জরুরি ভিত্তিতে সরকারি কোষাগারে জমা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। সেই সঙ্গে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করতে কি পরিমাণ অর্থ প্রয়োজন তা বিস্তারিত বিবরণসহ (যেমন- আবেদনকারীর সংখ্যা, প্রশ্নপত্র প্রণয়ন, লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ, ভেন্যু ভাড়া, উত্তরপত্র মূল্যায়ণ ইত্যাদি) স্বাস্থ্য সেবা বিভাগে অর্থ বরাদ্দের জন্য প্রস্তাব প্রেরণ করার জন্য অনুরোধ করা হল।



(মোঃ শাহাদত হোসেন কাবির)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৫৭৭৯৮৫

admin1@hsd.gov.bd

মহাপরিচালক

স্বাস্থ্য অধিদপ্তর

মহাখালী, ঢাকা

[দৃষ্টি আকর্ষণঃ পরিচালক (প্রশাসন)]।

অনুলিপিঃ

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ২। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৩। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৪। অতিরিক্ত সচিব (অভ্যন্তরীণ প্রশাসন ও শৃঙ্খলা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।